

ম্বাতক পরীক্ষা - ২০২১

সাম্যানিক বাংলা

ପଞ୍ଚମ ପତ୍ର

সময় : ৪ ঘণ্টা

ପର୍ମାନ : ୧୦୦

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পর্যবেক্ষণ নির্দেশক।

সংক্ষিপ্ত অর্থচ যথাযথ উন্নতির দাও।

$$১। \text{ যে-কোনো আটটি প্রশ্নার উত্তর দাও: } \quad ১ \times ৮ = ১৬$$

- ক) বক্ষিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জীবিতকালে ‘রাজসিংহ’ উপন্যাসটির কটি সংস্করণ প্রকাশিত হয়েছিল? শেষ পরিচ্ছদের পরে যে ‘উপসংহার’ আছে তার শিরোনামটি লেখো।

খ) ‘রাজসিংহ’ উপন্যাসটি কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল? পত্রিকাটির সম্পাদক কে ছিলেন?

গ) ‘তোমার ঘোড়া কলের, না মাটির’। — কে কাকে একথা বলেছে?

ঘ) অবিনাশ ঘোষালের জন্মদিনটি কোন্ মাসের কোন্ তারিখ?

ঙ) “সেই সময়ে কুমুর বাঁ চোখ নাচল” — কোন্ সময়?

চ) ‘ঘোষালদের লজ্জা যে আজ ওরই লজ্জা’ — কার লজ্জার কথা বলা হয়েছে? তার লজ্জার কারণ কী?

ছ) ‘আরণ্যক’ উপন্যাসের ধাতুরিয়া কোন্ নাচ, কার কাছে শিখেছিল?

- জ) মঞ্চী কে? মঞ্চী মেলা থেকে কী কী অঙ্কার কিনেছিল?

- ঝ) মটুকনাথ কে? ধাওতাল সাহুর কাছে ম্যানেজার কেন গিয়েছিলেন?

- এৰ) 'কবি' উপন্যাসটি কোথা থেকে প্ৰকাশিত, কোন্ পত্ৰিকায়  
প্ৰথম ধাৰাবাহিকভাৱে প্ৰকাশিত হয়েছিল? পত্ৰিকাটিৰ  
সম্পাদকেৰ নাম লেখো।

- ট) এক কবিগানের আসরে কে রাবণের ভূমিকায় এবং কে বিভীষণের ভূমিকায় কবিগান করেছিলেন?

- ঠ) নিতাই-এর জাতিগত উপাধি কী? বসন নিতাইকে কী বলে  
ডাকত?

২। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে একটি করে প্রশ্ন নিয়ে সর্বমোট ছয়টি  
প্রশ্নের উত্তর দাও :  $6 \times 6 = 36$

- ক) ‘রাজসিংহ’ উপন্যাসে মানিকলাল-নির্মলকুমারী উপকাহিনীর  
সার্থকতা বিচার করো।

- খ) ‘রাজসিংহ’ উপন্যাসে দরিয়াবিবি চরিত্রটির গুরুত্ব  
আলোচনা করো।

- গ) ‘এ নেহশূন্য হাদয়-পোড়া পাহাড়ের মতো হাদয় — একটু  
নিঞ্চ হয়।’ — কার উক্তি? কেন তার হাদয় এমন? এই  
উক্তিতে বন্ধার চরিত্রের কোন দিক প্রকাশ পেয়েছে?

$$2+2+8=12$$

- ঘ) 'তার সব দুঃখ তোর অপমানকে প্লাবিত করুক।' — কে  
বলেছেন? তাঁর এই বক্তব্যের মধ্যে কোন্ সত্য প্রকাশিত  
হয়েছে — আলোচনা করো। ১+৫=৬

$$1+4=5$$

- ঙ) ‘যোগাযোগ’ উপন্যাসে মোতির মা চরিত্রটির গুরুত্ব আলোচনা করো। ১+৫=৬

$$2+5=6$$

- চ) ‘আরণ্যক’ উপন্যাসে লবটুলিয়ার নতুন বস্তিগুলির যে বর্ণনা  
লেখক দিয়েছেন, তা নিজের ভাষায় লেখো। ৬
- ছ) রাজা দোবরু পান্নার কুলদেবতার নাম কী? ‘আরণ্যক’  
উপন্যাসে বিভিন্ন জাতি উপজাতির মিলন ভূমি রচিত’ —  
মন্তব্যটি ব্যাখ্যা করো। ১+৫=৬
- জ) ‘জীবনে সেদিন সর্বপ্রথম আমি অনুভব করিলাম নারীর  
নিঃসঙ্গে ব্যবহারের মাধুর্য।’ — বক্তা কে? এই নারী  
সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১+৫=৬
- ঝ) ‘কবি’ উপন্যাসে ঠাকুরবির আসল নাম লেখো। উপন্যাসে  
ঠাকুরবি চরিত্রটির গুরুত্ব লেখো। ১+৫=৬
- এও) বসন্তের মৃত্যুর পর নিতাই ‘বড়লাইনের ট্রেনে চেপে’ কোথায়  
গিয়েছিল? সেখানে সে কার আশ্রয়লাভ করেছিল?  
শেষপর্যন্ত কেন সে সেখানে থাকতে পারলো না — তা  
কারণসহ আলোচনা করো। ১+১+৪=৬
- ৩। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের  
উত্তর দাও: ১২×৪=৪৮
- ক) ‘রাজসিংহ’ উপন্যাসের ‘বঙ্গিম-সৃষ্টি জেবউমিসাকে পৃথক  
চরিত্রের মর্যাদায় বিচার করলে ইতিহাসের ক্ষতি কিন্তু  
উপন্যাসের পক্ষে সবিশেষ লাভ।’ — এই মন্তব্যের সূত্র  
ধরে জেবউমিসা চরিত্রটি আলোচনা করো। জেবউমিসা  
অজ্ঞান হয়েছিলেন কেন? ১০+২=১২
- খ) ঐতিহাসিক উপন্যাস কাকে বলে? ‘রাজসিংহ’ বঙ্গিমচন্দ্রের  
একমাত্র ঐতিহাসিক উপন্যাস’ — মন্তব্যটির যাথার্থ্য বিচার  
করো। ২+১০=১২

- গ) ‘যোগাযোগ’ উপন্যাসের নাম প্রথমে ‘তিন পুরুষ’ ছিল —  
লেখক এই নাম পরিবর্তন করলেন কেন? উপন্যাসটির  
‘যোগাযোগ’ নামকরণের সার্থকতা বিচার করো। ২+১০=১২
- ঘ) মধুসূদনের পিতার নাম কী? ‘মধুসূদন চরিত্রটি নিয়ে  
আলোচনা করো। ২+১০=১২
- ঙ) ‘আরণ্যক’ উপন্যাসে অরণ্য প্রকৃতির ব্যবহার নিয়ে  
আলোচনা করো। ১২
- চ) ‘আরণ্যক’ উপন্যাসে চারটি অপ্রধান পুরুষ চরিত্র চিত্রণে  
লেখক যে দক্ষতার পরিচয় দিয়েছেন, তা নিজের ভাষায়  
বর্ণনা করো। ১২
- ছ) ‘কবি’ উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো। ১২
- জ) ‘গান ‘কবি’ উপন্যাসের মূল আধার।’ ‘কবি’ উপন্যাসে ‘গান’  
ব্যবহারের সার্থকতা বিষয়ে আলোচনা করো। ১২
-